



একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।
ই-মেইলঃ www.eed.moe.gov.bd



স্মারক নং-৩৭.০৭.০০০০.০০৮.৫৯,১৪৩.১২/১৮০(১০০),

তারিখ: ১২/০৫/২০২০ইং।

বিষয়: আর্থিক সাহায্য প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারির প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কুড়িগ্রাম জেলার চিলমাড়ী উপজেলায় কর্মরত উপসহকারী প্রকৌশলী জনাব মোঃ জোবাইদুল ইসলাম (২৭) গত ০৮ এপ্রিল ২০২০ ডেঞ্জুজ্বরে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহী রাজেউন)। জনাব মোঃ জোবাইদুল ইসলাম কর্মজীবনে একজন সৎ, নিষ্ঠাবান ও পরিশ্রমী প্রকৌশলী হিসেবে সকলের নিকট সমাদৃত ছিলেন।

২.০ জনাব মোঃ জোবাইদুল ইসলাম এর মৃত্যুতে তাঁর বিধবা স্ত্রী দেড় বছরের পুত্র সন্তান নিয়ে অসহায় অবস্থায় দিনাতিপাত করছেন। এমতাবস্থায়, তাঁর অসহায় স্ত্রী ও সন্তানের ভরণ-পোষণ ও ভবিষ্যৎ নিরাপত্তার কথা বিবেচনা করে করোনাভাইরাস প্রাদুর্ভাবজনিত (Covid-19) উদ্ভূত পরিস্থিতিতে যোগাযোগের সুবিধা অনুযায়ী প্রধান কার্যালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের নিকট সাধ্যমত আর্থিক সাহায্য প্রেরণ করার জন্য অনুরোধ করা হলোঃ-

ক. সহকারী প্রকৌশলী জনাব মোঃ সিরাজুল ইসলাম [০১৭১১-২৮৭২৮]

খ. হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ ইউনুস আলী [০১৭১১-৫৩০২৪৮]

গ. হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ আবু ছায়িদ চৌধুরী [০১৭১১-১৬৯৪৩৩]

৩.০ এ সংক্রান্ত অধিক তথ্য কিংবা পরামর্শের প্রয়োজন হলে প্রধান কার্যালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলোঃ-

ক. তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ আরিফুর রহমান [০১৭১১-১২৩৮৮০]

খ. উপপরিচালক (প্রশাসন) জনাব আসাদুজ্জামান [০১৭৭৯-১৯৮৭২৫]

১২-০৫-২০২০

(বুলবুল আখতার)

প্রধান প্রকৌশলী(চলতি দায়িত্ব)

ফোন: ৯৫৬২৮৫৬

বিতরণঃ

- ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/_____ সার্কেল।
- ২। উপপরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। নির্বাহী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর,_____
- ৫। জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৭। সকল কর্মকর্তা/কর্মচারি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
- ৮। অফিস কপি।